

ঢাকা ওয়াসা

বিষয়: Printing & Supply of Water Trolley Customer Gate Pass Slip for MODS Zone-8, Dhaka WASA কাজ প্রসঙ্গে।

সংযুক্তি নং-১। ২০২৪-২০২৫ অর্থ বছরের অত্র জোনের অনুকূলে ২০২৪-২০২৫ ইং অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের কপি।

সংযুক্তি নং-২। বাজার দরের স্বপক্ষে প্রাপ্ত কোটেশন।

সংযুক্তি নং-৩। প্রস্তাবিত প্রাক্কলন।

সংযুক্তি নং-৪। আলোচ্য কাজের প্রতিবেদন।

১। অনুগ্রহ করে সংযুক্ত ক্রমিক নং- ১ হতে ৪ পর্যন্ত দেখা যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৮ এর অনুকূলে ২ টি ৬০০০ লিটার, ১ টি ৫০০০ লিটার এবং ২ টি ৩০০০ লিটার মোট ৫ টি পানির গাড়ী রয়েছে। বরাদ্দ পাওয়ার পর হতেই পানির গাড়ীগুলো দ্বারা গ্রাহকদের নিকট পানি সরবরাহ করা হচ্ছে। গ্রাহকদের নিকট পানি সরবরাহ করার সময় প্রতিটি গাড়ীর জন্য গেট পাস স্লিপ ইস্যু করা হয়। গেট পাস এর এক কপি স্কাডা কন্ট্রোল রুমে দেয়া হয় এবং এক কপি গাড়ীতে করে পানি নিয়ে যাওয়ার সময় গেটে নিরাপত্তা কর্মীর নিকট দেয়া হয়। এর ফলে প্রতিটি গাড়ীর হিসাব সঠিক ভাবে তদারকী করা সম্ভব হয়। বর্তমানে মডস জোন-৮ পানির গাড়ীর গেট পাস কপি প্রায় শেষের দিকে। কাজেই জরুরি ভিত্তিতে পানির গাড়ীর গেট পাস কপি তৈরী করা প্রয়োজন। আলোচ্য কাজটি সম্পাদনের জন্য ঢাকা ওয়াসার তালিকাভুক্ত তিনজন ১ম শ্রেণীর ঠিকাদারের নিকট হতে কোটেশন সংগ্রহ করা হয়েছে (ক্রঃ ২ দ্রঃ)। সংগৃহীত কোটেশনের সর্বনিম্ন দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে মোট প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ২৪,৮০০/- (চব্বিশ হাজার আটশত টাকা মাত্র) টাকা মাত্র (ক্রঃ নং-৩ দ্রঃ)। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৮ এর অনুকূলে ২০২৪-২০২৫ ইং অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের মৃদণ ও মনোহারী খাত হতে বহন করা হবে (ক্রঃ নং-১ দ্রঃ)।

২। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১ এর বর্ণনালোকে Repairing, Maintenance & Servicing of different Printer, scanner, Desktop Computer at office of MODS Zone-8, Dhaka WASA কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি ক্রয় খাতে মোট ২৪,৮০০/- (চব্বিশ হাজার আটশত টাকা মাত্র) টাকা মাত্র প্রাক্কলনটি সদয় অনুমোদন করা যেতে পারে, যা ক্রয় শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন, যা সর্বনিম্নে পেশ করা হলো।

Accepted
260525

শেখ আহমেদ সাঈদ সাব্বি আল
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

মোঃ মোস্তফা
সহকারী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা

EF
26/05/25
অনুপম কুমার মন্ডল
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৮
ঢাকা ওয়াসা।

SE, MODS Circle-2
26/05/25
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

০৩ অঃ (মোঃ দিঃ)

26/05/25
প্রকৌশলী মোঃ আব্দুল মালিক ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

৩২৬/সি/সি-৮
২৬/০৫/২৫